গ্রাহক নির্বাচন করার বিভিন্ন 'সূত্র'

Five C's
- Character
- Capacity
- Capital
- Collateral
- Condition

PARSAR
- P = Purpose
- A = Amount
- R = Reasone
- S = Source of Repayment
- A = Ability
- R = Risk

Five R's
- Reliability
- Reputation
- Responsibility
- Resources
- Repayment

CAMPARI:
- C = Character
- A = Amount
- M = Means of Repayment
- P = Purpose
- A = Accountibility
- R = Risk
- I = Insurance

Five P's
- Person
- Purpose
- Product
- Place
- Profit

Seven M's
- Man
- Money
- Management
- Machine
- Marketing
- Mortgage
- Manpower

৫

পঞ্চম অধ্যায়

বিনিয়োগ কর্মসূচী

১. বিনিয়োগ বিতরণের পূর্বে অবশ্যকরণীয়

ক) কেন্দ্রের সকল সদস্যকে তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করা।

খ) সাপ্তাহিক সভায় সকলের উপস্থিতি কমপক্ষে ৯০% হওয়া।

গ) প্রথম বিনিয়োগ গ্রহীতার জন্য কমপক্ষে ৪ সপ্তাহ নিয়মিত সাপ্তাহিক সঞ্চয় ও কেন্দ্র ফান্ড জমা হওয়া।

ঘ) স্বাক্ষরজ্ঞান সম্পন্ন হওয়া।

ঙ) প্রকল্পের পালনীয় সিদ্ধান্তসমূহ মুখস্ত বলতে পারা।

২. বিনিয়োগ গ্রহীতা যাচাই ও বাছাই

ক) সাপ্তাহিক সভায় উপস্থিতির হার সন্তোষজনক হওয়া।

খ) ৪ সপ্তাহ যাবৎ নিয়মিত সাপ্তাহিক সঞ্চয় ও কেন্দ্র ফান্ড জমা করেছে কিনা তা দেখা।

গ) ৪ সপ্তাহ পর প্রতি গ্রুপ-এ দুই জনকে এবং পরবর্তীতে পর্যায়ক্রমে অন্যান্য সদস্যদের বিনিয়োগ বিতরণ করা।

ঘ) পূর্বে বিনিয়োগ নিয়ে থাকলে তার কিস্তি নিয়মিতভাবে পরিশোধ করেছে কিনা তা দেখা।

ঙ) যে কাজের জন্য বিনিয়োগ দেয়া হবে তা লাভজনক হবে কিনা এবং উক্ত কাজ সম্পর্কে পূর্ব অভিজ্ঞতা আছে কিনা তা জানা।

চ) কোন সমস্যা না থাকলে সদস্যদেরকে বিনিয়োগ পরিশোধের পরবর্তী এক সপ্তাহের মধ্যে পুনরায় বিনিয়োগ প্রদান করা।

৩. বিনিয়োগের অনুমোদন

ক) গ্রুপ গঠনের ৪ সপ্তাহ পর কেন্দ্রের নিয়মিত সাপ্তাহিক সভায় বিনিয়োগের জন্য আবেদনপত্র এফ-২২০ ফরমে আবেদন করতে হবে।

খ) আবেদনপত্রে উল্লেখিত বিনিয়োগের খাত ও পরিমাণ কেন্দ্র মিটিং-এ গ্রুপ সদস্যদের সাথে আলোচনা করে চূড়ান্ত করতে হবে।

গ) গ্রুপ লিডার ও কেন্দ্র লিডার কর্তৃক সুপারিশের পর ফিল্ড অফিসার ও প্রকল্প কর্মকর্তার মতামত ও স্বাক্ষরসহ শাখা ব্যবস্থাপকের নিকট জমা দিবেন। বিনিয়োগ কমিটি (শাখা ব্যবস্থাপক, প্রকল্প কর্মকর্তা ও ফিল্ড অফিসার) বিনিয়োগ মঞ্জুরী প্রদান করবেন।

ঘ) বিনিয়োগ বিতরণের সময় বিনিয়োগ হিসাব খোলা ও বিস্তারিত তথ্য রেজিষ্টার বি-১২২-এ বিনিয়োগ হিসাব নম্বর ও অন্যান্য তথ্য লিপিবদ্ধ হবে।

৪. বিনিয়েগের উপর লাভ ও অন্যান্য চার্জ

বিনিয়েগের উপর ব্যাংক কর্তৃক সময় সময় নির্ধারিত হারে লাভ ও অন্যান্য চার্জ প্রযোজ্য হবে।

৫. বিনিয়োগ বিতরণ

পল্লী উন্নয়ন প্রকল্পের আওতায় প্রতিটি ফিল্ড অফিসারের এলাকা অবশ্যই ১২ মাসের মধ্যে লাভজনক পর্যায়ে পৌছাতে হবে। একজন ফিল্ড অফিসার ৪০০ জন সদস্য তৈরী করে ৮০% সদস্যকে বিনিয়োগ প্রদান করতে পারলেই তার এলাকা লাভজনক পর্যায়ে পৌঁছবে। যেহেতু প্রতি ফিল্ড অফিসারের জন্য ৫টি গ্রাম নির্দিষ্ট করা হয়েছে সেহেতু অবশ্যই ভাল সদস্য বাছাই করতে হবে এবং বিনিয়োগ আদায়ের হার ১০০% এ রাখতে হবে। নিম্নে নতুন কর্ম এলাকায় ১২ মাসে লাভজনক পর্যায়ে উত্তরণের প্রক্রিয়া প্রদর্শিত হল ঃ

ক)	১ম মাস	: গ্রামের সকল পরিবারের বেইজ লাইন সার্ভে ও সাধারণ সভা সম্পাদন।
খ)	২য় থেকে ৪র্থ মাস	: গ্রুপ ও কেন্দ্র গঠন, সঞ্চয় ও কেন্দ্র তহবিল আদায়। এ সময় ৪ সপ্তাহ অতিক্রমকারী সদস্যদেরকে বিনিয়োগ প্রদান করতে হবে।
গ)	৫ম থেকে ৭ম মাস	: ১০টি কেন্দ্র তৈরীর কাজ অবশ্যই সম্পাদন করতে হবে এবং বিনিয়োগ প্রক্রিয়া অব্যাহত থাকবে।
ঘ)	৮ম থেকে ১০ম মাস	: ৪০০ সদস্য নির্বাচন সম্পন্ন করতে হবে।
ঙ)	১১তম থেকে ১২তম মাস	: ৩২০ জন (৮০%) সদস্যকে অবশ্যই বিনিয়োগ প্রদান সম্পন্ন করতে হবে।

উল্লেখিত বর্ণনা মোতাবেক টার্গেট অর্জনের উপর নির্ভর করবে ফিল্ড অফিসারের ভবিষ্যৎ উন্নতি।

চ) বিনিয়োগ মঞ্জুরীর পর ফিল্ড অফিসার বিনিয়োগ হিসাব খোলা ও বিস্তারিত তথ্য রেজিষ্টারে বিনিয়োগের পরিমাণ এন্ট্রি দিয়ে হিসাব নম্বর ফেলবেন এবং বিনিয়োগ সামগ্রী সরবরাহকারীকে বিনিয়োগের টাকা প্রদান করবেন। সাথে সাথে কম্পিউটার ও পাস বই এফ-২২২-এ এন্ট্রি দিবেন ও প্রকল্প কর্মকর্তা দ্বারা স্বাক্ষর করাবেন।

ছ) মাসে এক বা দুই দিন বিনিয়োগ বিতরণ করলে শাখায় অন্যান্য কাজের সমস্যা দেখা যায় এবং ফিল্ড অফিসারের পক্ষে নিয়ন্ত্রন করা কঠিন হয়। সেজন্য ফিল্ড অফিসারগণ প্রতিদিন তাদের কর্ম এলাকায় ২ থেকে ৪ জনকে বিনিয়োগ প্রদান করবেন। এর ফলে শরীয়াসম্মতভাবে বেচা-কেনা, বিনিয়োগ তদারকি ও অন্যান্য কার্যাবলী সম্পাদন করা সহজ হবে।

জ) ব্যাংক চলাকালীন সময়ের মধ্যে বিনিয়োগ সামগ্রী বেচা-কেনা সম্পাদন করতে হবে। সদস্যদের যাতে করে ব্যাংকে বেশী সময় বসে থাকতে না হয় সেজন্য সকল কাগজ -পত্র পূর্বেই সম্পন্ন করতে হবে।

ঝ) প্রতিবার বিনিয়োগ গ্রহণের জন্য গ্রাহককে ব্যাংকে আসতে হবে।

৬. বিনিয়োগ সামগ্রী ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে ভাউচার তৈরী

বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে নিম্নোক্ত ২ টি বিষয় অনুসরণ করতে হবে।

১. যে সকল দ্রব্য/পণ্যের গুণাগুণ ও মূল্য পূর্বনির্ধারিত বা নিশ্চিত নয় সে ক্ষেত্রে শাখার সাসপেন্স হিসাব ডেবিট করে অগ্রিম টাকা নিয়ে মালামাল ক্রয়ের পর বিনিয়োগ হিসাব ডেবিট করে সাসপেন্স সমন্বয় করতে হবে। এ ক্ষেত্রে ভাউচার পদ্ধতি হবে নিম্নরুপঃ-

ডেবিট	ক্রেডিট
ক) সাসপেন্স হিসাব	ক) বিনিয়োগ সামগ্রী ক্রয় করার জন্য ফিল্ড অফিসার বা ক্রয় প্রতিনিধিকে নগদ প্রদান।
খ) বাইম আরডিএস হিঃ নং (দ্রব্যের প্রকৃত মূল্য এবং প্রযোজ্য মুনাফা)	খ) ১. সাসপেন্স হিসাব (দ্রব্যের প্রকৃত মূল্য) ২. প্রফিট রিসিভেবল ৩. আয় হিসাব (আরডিএস) ৪. সান্ড্রি হিসাব (আরডিএস ওয়েলফেয়ার ফান্ড)

বিনিয়োগ সামগ্রী ক্রয়ের পর অগ্রিম টাকা অতিরিক্ত থাকলে তা সাসপেন্স হিসাবে সরাসরি নগদ জমা দিয়ে হিসাবটি সমন্বয় করতে হবে।

২. যে ক্ষেত্রে বিনিয়োগ সামগ্রীর গুণাগুণ ও মূল্য পূর্ব থেকে নিশ্চিত হওয়া যায় সে ক্ষেত্রে ভাউচার হবে নিম্নরূপঃ-

ডেবিট	ক্রেডিট
ক) বাইম আরডিএস হিঃ নং টাঃ (মূল টাকা)	ক) পেমেন্ট অর্ডার/বিনিয়োগ সামগ্রী সরবরাহকারীর হিঃ/সংশ্লিষ্ট ফিল্ড অফিসারকে নগদ প্রদানের মাধ্যমে বিনিয়োগ সামগ্রী ক্রয়
খ) বাইম আরডিএস হিঃ নং টাঃ (মুনাফা)	খ) ১. প্রফিট রিসিভেবল ২. আয় হিসাব (আরডিএস) ৩. সাদ্রি হিসাব (আরডিএস ওয়েলফেয়ার ফান্ড)

দুই কিস্তির সমপরিমাণ মুনাফা প্রফিট রিসিভেবল হিসাবে থেকে যাবে। গ্রাহক রিবেট পাওয়ার যোগ্য হলে বিনিয়োগ সমন্বয়ের পর প্রফিট রিসিভেবল হিসাব থেকে রিবেটের সমপরিমাণ টাকা ডেবিট করে গ্রাহকের আরডিএস সঞ্চয় হিসাব ক্রেডিট করতে হবে। আর গ্রাহক যদি রিবেট পাওয়ার যোগ্য না হয় সে ক্ষেত্রে প্রফিট রিসিভেবল-এর টাকা আয় হিসাবে স্থানান্তরিত হবে।

৭. বিনিয়োগ তদারকি

বিনিয়োগ প্রদানের পর প্রতি মাসে কমপক্ষে একবার স্বশরীরে গিয়ে পর্যায়ক্রমে সকল গ্রহীতার বিনিয়োগ সামগ্রী দেখতে হবে। এক্ষেত্রে বিনিয়োগ ব্যবহারের চলমান সত্যায়ন- পত্র (এফ-২২৯) ফরম ব্যবহার করতে হবে। প্রতিদিন কেন্দ্র মিটিং শেষে প্রতি কেন্দ্রের একটা গ্রুপের সকল সদস্যের বাড়িতে গিয়ে বিনিয়োগ সামগ্রী পর্যবেক্ষণ করতে হবে এবং বাড়ির পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ অন্যান্য ত্রুটিপূর্ণ বিষয় দেখে পরামর্শ দিতে হবে। প্রকল্প কর্মকর্তা কেন্দ্র পরিদর্শনে গিয়ে সন্দেহযুক্ত সদস্যদের বাড়ি পরিদর্শন করে বিনিয়োগ সামগ্রী দেখবেন এবং এফ-২২৯ ফরমে মন্তব্য লিখবেন।

৮. বিনিয়োগের সর্বোচ্চ সীমা

ক) ১ম দফায় সর্বোচ্চ ৩০,০০০/- টাকা বিনিয়োগ দেয়া যেতে পারে। তবে সকল ক্ষেত্রেই ৩০,০০০/- টাকা বিনিয়োগ প্রদান না করে বরং পেশাদারী দৃষ্টিকোন থেকে গ্রাহকদের প্রকৃত বিনিয়োগ চাহিদা ও সক্ষমতা বিচার বিশ্লেষণ করে প্রাথমিক বিনিয়োগের পরিমাণ নির্ধারণ করতে হবে।

খ) রিবেটপ্রাপ্ত সদস্যদের পরবর্তী বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে গ্রাহকের চাহিদা ও সক্ষমতা বিবেচনা সাপেক্ষে সর্বোচ্চ ২০,০০০/- টাকা বিনিয়োগ বৃদ্ধি করা যেতে পারে।

গ) প্রকল্পের আওতায় খাত নির্বিশেষে সর্বোচ্চ বিনিয়োগ সীমা ১০০,০০০/- টাকা যা সময় সময় পরিবর্তন হতে পারে।

৯. বিনিয়োগের খাত ও সময়কাল

ক্রমিক নং	খাতসমূহ	সময়কাল/মেয়াদ	মন্তব্য
১	শস্য ও অন্যান্য ফসল উৎপাদন/চাষাবাদ	১ বছর	-
২	নার্সারী এবং ফুল ও ফলের বাণিজ্যিক উৎপাদন	১ বছর	-
৩	কৃষি ও সেচ যন্ত্রপাতি	১ থেকে ৩ বছর	প্রয়োজন অনুসারে সময় নির্ধারণ করতে হবে। গ্রাহকের ইক্যুইটি সর্বনিম্ন ১০%।
৪	গবাদিপশু পালন	১ থেকে ২ বছর	প্রয়োজন অনুসারে সময় নির্ধারণ করতে হবে।
৫	হাঁস-মুরগী পালন	১ বছর	-
৬	মৎস্য চাষ	১ থেকে ২ বছর	মৎস উৎপাদন ধরনের সাথে সংগতি রেখে সময় নির্ধারণ করতে হবে।
৭	গ্রামীণ পরিবহন	১ বছর	-
৮	গৃহনির্মাণ	১ থেকে ৫ বছর	৩য় দফা সফল পুরাতন গ্রাহকগণ পাবে।
৯	বায়োগ্যাস ও সৌরবিদ্যুৎ	১ থেকে ৩ বছর	-
১০	অকৃষি খাত	১ বছর	-

প্রকল্পের আওতায় বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে উৎপাদনের সময়/আয়ের উপর ভিত্তি করে বিনিয়োগের সময়কাল নির্ধারণ করতে হবে।

১০. গৃহনির্মাণ বিনিয়োগ

পরপর ৩ বছর রিবেটপ্রাপ্ত ও তুলনামূলক স্বচ্ছল সদস্যকে নিজস্ব আবাসনের জন্য গৃহায়ন বিনিয়োগ দেয়া যাবে। গৃহায়ন বিনিয়োগের মেয়াদ হবে সর্বোচ্চ ৫ বছর। কোন সদস্যকে গৃহায়ন বিনিয়োগের পাশাপাশি আয় উৎসারী খাতেও বিনিয়োগ দেয়া যেতে পারে।

১১. মৌসুমী বিনিয়োগ

পল্লী এলাকায় কিছু কিছু খাতে তিন/চার মাসের জন্য বিনিয়োগ করা যায় অর্থাৎ বিনিয়োগের শুরু হতে তিন/চার মাসের মধ্যেই বিনিয়োগের টাকা গ্রাহকের হাতে লাভসহ ফিরে আসে। যেমন:- ব্রয়লার মুরগী, গরু মোটাতাজাকরণ, ছাগল পালন, মৎস চাষ, শস্য উৎপাদন, ফুলের চাষ ইত্যাদি। এ সকল খাতে প্রয়োজনে এক বছরের কম সময়ের জন্য বিনিয়োগ করা যাবে। বিনিয়োগ গ্রহীতা কিস্তিতে বিনিয়োগ পরিশোধের পরিবর্তে প্রকল্প শেষে এককালীন পরিশোধ করতে পারবে। এ ক্ষেত্রে ঝুঁকি এড়ানোর জন্য কমপক্ষে ৬ মাসের জন্য বিনিয়োগ প্রদান করতে হবে এবং আনুপাতিক হারে মুনাফা চার্জ করতে হবে। সদস্যদের ১টি বিনিয়োগের চলতি মেয়াদের মধ্যেই তাদের চাহিদা ও সামর্থ্য সাপেক্ষে মৌসুমী বিনিয়োগ দেয়া যেতে পারে, তবে সে ক্ষেত্রে ক্রমিক ১২ এর নিয়মাবলী প্রযোজ্য হবে।

১২. এক সাথে একাধিক বিনিয়োগ

পল্লী উন্নয়ন প্রকল্পের সদস্যদের বিশেষ ক্ষেত্রে একটি বিনিয়োগের চলতি মেয়াদের মধ্যে দ্বিতীয় বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করা যেতে পারেঃ

১২.১ **যোগ্যতা ঃ** যে সকল আরডিএস গ্রাহক প্রকল্পের আওতায় কমপক্ষে দু'বার বিনিয়োগ সুবিধা গ্রহণ করেছেন এবং কোনরূপ খেলাপী ছাড়াই নিয়মিত পরিশোধ করে পরবর্তী দফার বিনিয়োগ সুবিধা ভোগ করছেন কেবল তারাই মৌসুমী বিনিয়োগের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন।

১২.২ **বিনিয়োগ খাত ঃ** বিভিন্ন উৎসব উপলক্ষ্যে এবং ফসল চাষ মৌসুমে স্বল্পকালীন ব্যবসার জন্য এই বিনিয়োগ দেয়া যাবে।

১২.৩ **বিনিয়োগের পরিমাণ ঃ** কোন আরডিএস গ্রাহককে তার সক্ষমতা ও প্রয়োজনের নীরিখে চলতি বিনিয়োগের পরিশোধকৃত কিস্তির সমপরিমাণ ছাড়াও বর্তমান বিনিয়োগ সুবিধার সর্বোচ্চ ২০% এর মধ্যে মৌসুমী বিনিয়োগ দেয়া যাবে।

১২.৪ **বিনিয়োগের মেয়াদ ঃ** মৌসুমী বিনিয়োগটি সর্বোচ্চ ০৬ (ছয়) মাসের মধ্যে পরিশোধ করতে হবে। মৌসুমী/২য় বিনিয়োগ একটি স্বতন্ত্র বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে। মূল বিনিয়োগ যথাসময়ে পরিশোধ হলে পুনরায় তা প্রাপ্তিতে মৌসুমী/২য় বিনিয়োগ মেয়াদের পূর্বে (অর্থাৎ ৬ মাসের আগেই) পরিশোধ করার প্রয়োজন হবে না।

১২.৫ **পরিশোধ পদ্ধতি ঃ** দ্বিতীয় বিনিয়োগটি গ্রাহকের সামর্থ্য ও ব্যবসার ধরণ অনুযায়ী সাপ্তাহিক/মাসিক কিস্তিতে অথবা এককালীন পরিশোধ করা যাবে।

১৩. বিশেষ কেন্দ্রে বিনিয়োগ

১৩.১ হাট-বাজার ভিত্তিক বিশেষ কেন্দ্র গঠন করে বিনিয়োগ সুবিধা দেয়া যেতে পারে। কেন্দ্রে সাপ্তাহিক বৈঠক করা সম্ভব না হলে অন্ততঃ মাসিক বৈঠক করতে হবে।

১৩.২ একই কেন্দ্রের সদস্যদেরকে তাদের চাহিদা অনুযায়ী আরডিএস-এর সর্বোচ্চ বিনিয়োগ সীমা ১০০,০০০/- টাকার আওতায় যে কোন পরিমাণ অংকের প্রাথমিক ও পরবর্তী বিনিয়োগ দেয়া যেতে পারে।

১৩.৩ বিশেষ কেন্দ্রের সদস্যদেরকে প্রথম দফাতেই বেশী বিনিয়োগ দেয়ার সুযোগ থাকায় বিনিয়োগ ঝুঁকিপূর্ণ হয়ে যেতে পারে। তাই গ্রাহক নির্বাচনে যথেষ্ট সতর্ক থাকার পাশাপাশি প্রকল্পের বিদ্যমান নিয়মের অতিরিক্ত বিনিয়োগ দিতে হলে সহায়ক জামানত গ্রহণ করতে হবে।

১৩.৪ বিনিয়োগের কিস্তি অবশ্যই সাপ্তাহিক বা মাসিক ভিত্তিতে আদায় করতে হবে। মাসিক কিস্তির ক্ষেত্রে সব সময় ৪ কিস্তির টাকা একত্রে অগ্রীম আদায় করতে হবে যাতে কিস্তি খেলাপী না হয় এবং গ্রাহক রিবেট পায়।

১৪. সঞ্চয়ের বিপরীতে বিনিয়োগ সীমা

সঞ্চয়ের বিপরীতে বিনিয়োগের ক্ষেত্রে আরডিএস-এর নিয়মিত বিনিয়োগের ২৫% সঞ্চয় জমা রেখে বাকী অংশের সমপরিমাণ বিনিয়োগ দেয়া যেতে পারে। তবে আরডিএস এর নিয়মিত বিনিয়োগ এবং সঞ্চয়ের বিপরীতে দেয়া বিনিয়োগসহ মোট বিনিয়োগ **২০০,০০০/- (দুই লক্ষ)** টাকার বেশী হবে না। এ ক্ষেত্রে অবশ্যই গ্রাহকের চাহিদা, বিনিয়োগ ব্যবহারের যোগ্যতা ও পরিশোধের সামর্থ্য বিবেচনায় রাখতে হবে।

উদাহরনঃ একজন সদস্যের নিয়মিত আরডিএস বিনিয়োগ ৩০,০০০/- টাকা ও সঞ্চয় ৪০,০০০/- টাকা হলে তাকে প্রদেয় সর্বোচ্চ বিনিয়োগের পরিমাণ = নিয়মিত বিনিয়োগ ৩০,০০০ + (মোট সঞ্চয় ৪০,০০০ - নিয়মিত বিনিয়োগের ২৫% অর্থাৎ ৭,৫০০) = ৬২,৫০০/-।

১৫. বিনিয়োগের বিপরীতে জামানত ও ডকুমেন্টেশন

বিনিয়োগের নিরাপত্তা বিধানকল্পে নিম্নোক্ত কাগজপত্র সম্পাদন করতে হবেঃ

১৫.১ বিনিয়োগের আবেদনপত্র — এফ - ২২০

১৫.২ ডিপি নোট (ষ্ট্যাম্পসহ) — সি এফ- ১

১৫.৩ ডিপি নোট ডেলিভারী লেটার — সি এফ- ৩

১৫.৪ সদস্যের সঞ্চয়ী হিসাবের ১ পাতা স্বাক্ষরিত অগ্রিম তারিখের চেক

১৫.৫ মুশারাকা/মুদারাবা বিনিয়োগের ক্ষেত্রে স্বতন্ত্র চুক্তিপত্র।

১৬. বিনিয়োগ প্রদানের পদ্ধতি

শাখাসমূহ নিম্নে বর্ণিত ইসলামী শরীয়াহ সম্মত বিনিয়োগ পদ্ধতি সমূহের মধ্য থেকে যার জন্য যে পদ্ধতি প্রযোজ্য উক্ত পদ্ধতির মাধ্যমে উপযুক্ত সদস্যদের অর্থনৈতিক উন্নতির জন্য বিনিয়োগ প্রদান করবে।

১৬.১ মুশারাকা

এই পদ্ধতিতে গ্রাহক ও ব্যাংক যৌথভাবে কারবারে পুঁজি যোগান দেবে এবং কারবার পরিচালনা করবে। চুক্তি শেষে কারবারে লাভ হলে পূর্বে স্থিরকৃত অনুপাতে উভয়ে তা ভাগ করে নেবে কিন্তু লোকসান হলে উভয়ে নিজ নিজ পুঁজির অনুপাতে তা বহন করবে।

১৬.২ মুদারাবা

এই পদ্ধতিতে যে ব্যক্তির পুঁজি দেওয়ার সামর্থ্য নেই অথচ ব্যবসায়িক মেধা ও যোগ্যতা আছে ব্যাংক তাকে প্রয়োজনীয় সাকুল্য পুঁজি সরবরাহ করে কারবার করতে দেবে। কারবারে লাভ হলে উভয়ে চুক্তিতে উল্লেখিত অনুপাতে ভাগ করে নেবে কিন্তু লোকসান হলে তার সাকুল্য অংশ ব্যাংক বহন করবে। তবে গ্রাহক কর্তৃক চুক্তির কোন শর্ত ভংগ বা ত্রুটির জন্য লোকসান হলে তার দায়-দায়িত্ব গ্রাহককে বহন করতে হবে।

১৬.৩ বাই-মুয়াজ্জল

এই পদ্ধতিতে ব্যাংক বিনিয়োগ গ্রহীতার চাহিদা মোতাবেক দ্রব্য সামগ্রী ক্রয় করে উভয়ের সম্মতিতে নির্ধারিত দামে ভবিষ্যতের কোন নির্দিষ্ট সময়ে একবারে অথবা নির্ধারিত কিস্তিতে মূল্য পরিশোধ করার শর্তে গ্রাহকের নিকট বাকীতে বিক্রি করবে।

১৬.৪ বাই-মুরাবাহা

এই পদ্ধতিতে গ্রাহকের চাহিদা মোতাবেক দ্রব্য সামগ্রী ক্রয় করে উভয়ের সম্মতিতে স্থিরকৃত লাভে গ্রাহকের নিকট বিক্রি করবে। গ্রাহক ভবিষ্যতের কোন নির্ধারিত সময়ে একসাথে অথবা নির্দিষ্ট কিস্তিতে পণ্যের মোট দাম পরিশোধ করবে। ব্যাংক গ্রাহকের ক্রয়কৃত মালামাল জামানত হিসাবে প্লেজ রাখতে পারবে।

১৬.৫ ভাড়ায় ক্রয় (হায়ার পারচেজ আন্ডার শিরকাতুল মিল্ক)

এই পদ্ধতিতে গ্রাহক ব্যাংকের নিকট থেকে ভাড়াযোগ্য সম্পদ ক্রয়ের চুক্তিতে ভাড়া নিতে পারবে। ব্যাংক গ্রাহকের নিকট থেকে প্রয়োজনীয় নগদ সিকিউরিটি অথবা ডাউন পেমেন্ট গ্রহণ করে গ্রাহকের চাহিদা মোতাবেক সম্পদ ক্রয় করে নির্ধারিত মাসিক/ বার্ষিক ভাড়া এবং ভবিষ্যতের কোন নির্ধারিত সময়ে একসাথে বা কিস্তিতে ব্যাংকের ক্রয়মূল্য পরিশোধ করার শর্তে গ্রাহকের নিকট ভাড়া দেবে। ভাড়াসহ সম্পূর্ণ মূল্য পরিশোধ করার পর গ্রাহক সম্পদের মালিক হবে। সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত সম্পদের মালিকানা ব্যাংকের হাতে থাকবে।

১৬.৬ বাই-সালাম

এই পদ্ধতিতে ব্যাংক গ্রাহকের নিকট থেকে ভবিষ্যতে উৎপাদিত হবে এমন পণ্য সামগ্রী (যেমন-বিভিন্ন ফসলাদি, কাপড়, বাঁশ ও বেত সামগ্রী ইত্যাদি) নির্ধারিত দামে অগ্রিম ক্রয় করার শর্তে অর্থ যোগান দেবে এবং পরবর্তী সময়ে উৎপাদন বা প্রস্তুত করার পর গ্রাহক উৎপাদিত দ্রব্য সামগ্রী ব্যাংকের কাছে সরবরাহ করবে। এক্ষেত্রে ব্যাংক জামানত নিতে পারবে।

১৭. বিনিয়োগ আদায় পদ্ধতি

ক. এক বছরের জন্য মঞ্জুরকৃত বিনিয়োগের সাথে লাভ ও অন্যান্য চার্জ যোগ করে বিক্রয় মূল্য ৪৫টি সাপ্তাহিক কিস্তিতে আদায় করতে হবে। নিয়মিত কিস্তি পরিশোধ করলে দুই/এক কিস্তির সমপরিমাণ রিবেট পাবে। ৪৫ কিস্তির কোন কিস্তি অনিয়মিত দিলে রিবেট পাবে না। কোন সদস্য নিয়মিত কিস্তি প্রদানের মাধ্যমে রিবেট প্রাপ্ত না হলে পরের দফায় তার বিনিয়োগ বৃদ্ধি করা যাবে না।

খ. বিনিয়োগের কিস্তি বিনিয়োগ বিতরণের পরবর্তী দুই সপ্তাহ বাদ দিয়ে তৃতীয় সপ্তাহ থেকে আদায় করতে হবে। এতে বিনিয়োগ গ্রহীতা বিনিয়োগ থেকে আয় করে কিস্তি প্রদানের সুযোগ পাবে। অন্যান্য বিনিয়োগ সংশ্লিষ্ট বিনিয়োগের তফসিল অনুযায়ী পরিশোধ করতে হবে।

গ. ১ জন বিনিয়োগ গ্রহীতার বিনিয়োগ গ্রহণের এক বছরের মধ্যে ৭ সপ্তাহ কিস্তি দিতে হবে না। নিম্নে ৭ সপ্তাহের হিসাব দেয়া হলোঃ

বিনিয়োগের প্রারম্ভিক অবকাশকাল	২ সপ্তাহ ।
২ ঈদ/পুজা উপলক্ষ্যে	২ সপ্তাহ ।
বিপদ-আপদ/দুর্যোগ/অন্যান্য ধর্মীয় উৎসব/সরকারী ছুটি ইত্যাদি কারণে	৩ সপ্তাহ ।
	মোট: ৭ সপ্তাহ

ঘ. জাতীয় ছুটির দিনে কিস্তি, সঞ্চয় ও কেন্দ্র ফান্ড আদায় বন্ধ থাকবে। ছুটির দিনের পাওনা ছুটির পূর্ব সপ্তাহে অথবা পরবর্তী সপ্তাহে সদস্যগণের নিকট হতে অবশ্যই ২ টি কিস্তি একত্রে আদায় করতে হবে।

ঙ. কোন মৌসুমী ব্যবসা বা প্রকল্প গ্রহণের সুবিধার্থে কোন সদস্য ৪০ কিস্তি অতিক্রম করার পর ইচ্ছা করলে বাকী কিস্তি একত্রে প্রদান করে পুনরায় নতুন বিনিয়োগ গ্রহণ করতে পারবেন।

Islami Bank Training and Research Academy

13A/2A, Block#B, Babar Road, Mohammadpur, Dhaka

Session Schedule

Course Name	:	Foundation Training Course for RDS/ UPDS Officer - 2025/105
Date	:	From 20-07-2025 to 24-07-2025
Course Coordinator	:	Md. Azim Sarker, AVP and Md. Farhan Shamim, PO & FM
Coordinator Associate	:	Sakib Ul Ahsan, Assistant officer, IBTRA
Necessary Information	:	Class Room: Belly Support: Md. Arman,MCG

Date & Time	09:00 AM - 09:15 AM	09:15 AM - 10:15 AM	10:15 AM - 10:35 AM	10:35 AM - 11:35 AM	11:35 AM - 11:45 AM	11:45 AM - 12:45 PM	12:45 PM - 02:00 PM	02:00 PM - 03:00 PM	03:00 PM - 03:10 PM	03:10 PM - 04:10 PM	04:10 PM - 04:20 PM
2025-07-20 Sunday	Registration	Inaugural Session **Md. Azim Sarker** AVP & FM, Training Department **Md. Farhan Shamim** Principal Officer, IBTRA	Break	Islamic Banking: Definition, Objectives, Features, Differences with Conventional Banking **Mohammad Sanaullah** AVP, Training Division	Short Break	Islamic principal of Deposit Mobilization Compulsory & Voluntary savings and Importance of Compulsory Savings **Mosa. Zakiya Akhter Khanam** FAVP & FM, IBTRA	Prayer & Lunch Break	Micro-Finance and Islamic Micro-Finance: Role of Islamic Micro-Finance in Poverty alleviation through RDS/UPDS **Masuma Begum** AVP & FM, IBTRA	Short Break	Introduction of RDS in New Area, Baseline Survey, Selection of Members, Formation of Group & Center **Md. Amirul Islam** FAVP, Rural Development Division	Open discussion
2025-07-21 Monday	Registration	Islamic Shariah & Riba:its Classification, Reason for Prohibition & Shariah Compliance **Mohammad Sanaullah** AVP, Training Division	Break	Account Opening: Individual, Minor, Firms & Companies, Trust/Societies /NGOs, Govt. Organizations Etc. **Aynun Nahar** PO, Training Division	Break	Technique of Conducting Center Meeting, Collection, Investment Follow up and Monitoring under RDS/UPDS Program **Md. Salim** FAVP, Rural Development Division	Salat & lunch Break	Investment Modes & Mechanisms of IBBPLC **Jawadul Haque** FAVP, IBTRA	Break	Client Induction, Investment Sanction, Disbursement & Documentation under RDS/UPDS Program **Md. Abdur Rashid** AVP, IBTRA	Open Discussion

2025-07-22 Tuesday	Registration	Role & responsibilities of a Field Officer **A F M Anisur Rahman** EVP, Rural Development Division	Break	Sanction of MEIS, HPSM, Musharaka & Seasonal Investment under RDS/UPDS and Documentation of mortgage formalities **Md. Azim Sarker** AVP & FM, Training Department	Break	Welfare Program under RDS/UPDS: Policy, Strategy & Utilization of Fund **Md. Delwar Hossain** FAVP, Rural Development Division	Salat & Lunch Break	RDS Service Rules & Human Resources Policy of IBBPLC **Qamrul Islam M. Mansur Billah** SPO & FM, Training Division	Break	Manners & Etiquettes for Professional Bankers **Janab Md. Mahboob Alam** DMD & DG, DG Secretariat	Open Discussion
2025-07-23 Wednesday	Registration	Essential IT Knowledge in RDS/UPDS Operations: Problems & Solutions thereof **A.N.M. Jamal Uddin** AVP, Software Division	Break	Audit Objections in RDS/UPDS Portfolio & Its Remedial Measures **Md. Ziaul Haque** FAVP & FM, BDD	Break	AML & CFT Compliance in Banking Operation & RDS. **Md. Mizanur Rahman** SVP & Head of BDD, BDD	Salat & Lunch Break	Investment Monitoring & Recovery Techniques in RDS/UPDS Investment & areas of improvements in recovery activities **Md. Mazibur Rahman Miazi** SAVP, Rural Development Division	Break	Expansion Strategy RDS/UPDS in line with Achieving the target. **Janab Md. Mahboob Alam** DMD & DG, DG Secretariat	Open Discussion
2025-07-24 Thursday	Registration	EXAM	Break	Overview of RDS Manual **Mohammad Rezaul Karim** Vice President & FM, Training Division	Break	Shariah Compliance in RDS & UPDS Portfolio: Problems & Solutions thereof **Md. Mizanur Rahman Mizi** EVP & Director Training, Training Division	Salat & Lunch Break	Digital Products & Services of IBBPLC and Future Banking **Md. Nazim Mahmood, CSSA** SPO & FM, BDD	Closing Ceremony	Closing Ceremony	Closing Ceremony

Course Coordinator

SVP (Training Implementaion)

Director - Training

Director General